নতুন মন্ত্রিসভায় কারা থাকছেন, সামনে এলো সম্ভাব্য তালিকা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী বিএনপির সংসদ সদস্যরা শপথ সম্পন্ন করেছেন। এখন রাজনৈতিক অঙ্গনে সবচেয়ে আলোচিত প্রশ্ন—কারা জায়গা পাচ্ছেন নতুন মন্ত্রিসভায়। দলীয় ও একাধিক নির্ভরযোগ্য সূত্রে সম্ভাব্য মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের একটি তালিকা ইতোমধ্যে ঘুরছে।

মন্ত্রিসভায় থাকছেন বলে নিশ্চিত হওয়া নামগুলোর মধ্যে রয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুরু থেকেই তাকে নিয়ে জোর আলোচনা ছিল। এছাড়া আমীর খসরু মাহমুদ চৌধুরী, সালাহ উদ্দিন আহমদ, ইকবাল হাসান মাহমুদ, হাফিজ উদ্দিন আহমেদ, আবু জাফর মো. জাহিদ হোসেন ও আব্দুল আউয়াল মিন্টু মন্ত্রী হিসেবে শপথ নিতে যাচ্ছেন বলে জানা গেছে।

এ তালিকায় আরও আছেন কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ, মিজানুর রহমান মিনু, নিতাই রায় চৌধুরী, খন্দকার আব্দুল মুক্তাদির, আরিফুল হক চৌধুরী, জহির উদ্দিন স্বপন, দীপেন দেওয়ান, আ ন ম এহসানুল হক মিলন, শেখ রবিউল আলম, আসাদুল হাবিব দুলু, সরদার মো. সাখাওয়াত হোসেন, ফকির মাহবুব আনাম, আফরোজা খানম রিতা, মো. শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, মো. আসাদুজ্জামান, জাকারিয়া তাহের, মোহাম্মদ আমিনুর রশীদ ও খলিলুর রহমান।

প্রতিমন্ত্রী হিসেবে যাদের নাম শোনা যাচ্ছে, তাদের মধ্যে রয়েছেন এম রাশিদুজ্জামান মিল্লাত, অনিন্দ্য ইসলাম অমিত, শরীফুল আলম, ফরহাদ হোসেন আজাদ, শামা ওবায়েদ, সুলতান সালাহউদ্দিন টুকু, কায়সার কামাল, মীর মোহাম্মদ হেলাল উদ্দিন, হাবিবুর রশিদ হাবিব, রাজিব আহসান, আজিজুল বারি হেলাল, মীর শাহে আলম, জোনায়েদ সাকি, ইশরাক হোসেন, ফারজানা শারমিন পুতুল, ফরিদুল ইসলাম, নুরুল হক নুর, ইয়াসের খান চৌধুরী, এম ইকবাল হোসেন, এম এ মুহিত, আহমেদ সোহেল মঞ্জুর, ববি হাজ্জাজ, আলী নেওয়াজ খৈয়াম এবং আমিনুল হক।

তবে চূড়ান্ত তালিকা ও দপ্তর বণ্টন নিয়ে আনুষ্ঠানিক ঘোষণা এখনও আসেনি। রাজনৈতিক মহলে এখন নজর শপথ অনুষ্ঠান ও দায়িত্ব বণ্টনের দিকে।